# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ১৮ মে, ২০০৯
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন শাহনেওয়াজ, এনডিসি, পিএসসি, জিডি(এন) — উপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ জুলফিকার রহমান — উপস্থিত
ডিএডি এমএস, সদর দপ্তর লগ এরিয়া
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী — উপস্থিত
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ — উপস্থিত
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন — উপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।।

*চলমান পাতা-২*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিতভাবে পর্যালোচনা করা হলো। আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৫, ১০ ও ৩০ বছর মেয়াদী দোকানসমূহ হস্তান্তর অনুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে উক্ত ফি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা নির্ধারণসহ নামজারী ফি পূর্বের মতো যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারণ করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়। আলোচ্যসূচী-২১(৩) এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে বনানী ডিওএইচএস এর ৪/এ নং রোডের পরিবর্তে বনানী ডিওএইচএস এর পুকুর পাড় সংলগ্ন প্রবেশ রাস্তাটি মেরামত করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়। আলোচ্যসূচী-৩৩ এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক/ ব্যবসায়ী/ ভাড়াটিয়া/কর্মচারী রজনীগন্ধা সুপার মার্কেট ছেড়ে চলে যাওয়ার সময় বোর্ড হতে গৃহীত আইডি কার্ড জমা করতে হবে। আলোচ্যসূচী-৩৫ এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন বাসস্থানে বসবাসকারী শিক্ষকগণ যাতে উক্ত বাসায় প্রাইভেট না পড়ান সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করা হয়। আলোচ্যসূচী-৩৭বিবিধ(৩) এর সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদন করার সময় রাস্তার জন্য নির্ধারিত ক্ষতিপূরণ আদায় করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৫, ১০ ও ৩০ বছর মেয়াদী দোকান বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর অনুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে উক্ত ফি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা নির্ধারণসহ নামজারী ফি পূর্বের মতো যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) বনানী ডিওএইচএস এর ৪/এ নং রোডের পরিবর্তে বনানী ডিওএইচএস এর পুকুর পাড় সংলগ্ন প্রবেশ রাস্তাটি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

(গ) রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান মালিক/ব্যবসায়ী/ভাড়াটিয়া/কর্মচারী মার্কেট ছেড়ে চলে যাওয়ার সময় বোর্ড হতে গৃহীত আইডি কার্ড অবশ্যই ক্যান্টনমেন্ট বোর্ডে ফেরত প্রদান করতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য বাজার কমিটির সহযোগী সদস্যগণকে পত্র প্রদান করা হোক।

(ঘ) বোর্ড নিয়ন্ত্রিত বাসায় বসবাসকারী শিক্ষকগণ কর্তৃক যাতে প্রাইভেট না পড়ানো হয় সে বিষয়টি নিশ্চত করার জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে পত্র প্রদান করা হোক। এ ধরনের অভিযোগ পাওয়া গেলে বাসার বরাদ্দ বাতিল করতে হবে।

(ঙ) সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৫তম সভার আলোচ্যসূচী-৫ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বোর্ড নিয়ন্ত্রিত এলাকায় নির্মিতব্য/নির্মাণাধীন বাড়ীর নকশা অনুমোদনের পূর্বে রাস্তার ক্ষতিপূরণের জন্য নির্ধারিত ফি জমা করতে হবে।

এছাড়া ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার অন্যান্য সিদ্ধান্তসমূহ পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-২ ঃ এপ্রিল, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, এপ্রিল, ২০০৯ মাসে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত এলাকা হতে ১০,০৬,০৯৭/- টাকা গৃহকর এবং ১০,০৩,২৪১/- টাকা দোকান ভাড়া আদায় করা হয়েছে। উক্ত সময় পর্যন্ত গৃহকর বাবদ মোট অনাদায় ৫২,১৯,৭৩০/- টাকা এবং দোকান ভাড়া বাবদ ২৮,২৭,৭০৮/- টাকা অনাদায় রয়েছে। উক্ত বকেয়ার মধ্যে শুধুমাত্র কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ৩০,১০,৬৩৫/- টাকা অনাদায় রয়েছে।

সিদ্ধান্ত ঃ বকেয়া গৃহকর/দোকান ভাড়া ২০০৮-২০০৯ অর্থ বছরের মধ্যেই আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। কচুক্ষেত এলাকার বকেয়া গৃহকর আদায়ের চূড়ান্ত নোটিশ প্রদান করতঃ আগামী বোর্ডসভায় খেলাপীদের তালিকা উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-৩ ঃ এপ্রিল, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ এপ্রিল, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীর উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, এপ্রিল মাসে মোট ১,৪৫,৫৬,২২৫/৮১ টাকা আয় এবং ১,৮৮,১৯,৫৭০/৬৪ টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০০৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ ২০০৮-২০০৯ আর্থিক সালের সংশোধিত বাজেট ও ২০০৯-২০১০ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ (ক) প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২০০৮-২০০৯ আর্থিক সালের মূল বাজেটের বিভিন্ন খাতে ব্যয় হ্রাস করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক মূল বাজেট অনুমোদন প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে বাস্তব অবস্থার নিরীক্ষে কঠোর ব্যয় সংকোচন নীতি অনুসরণ করে বিভিন্ন খাতের ব্যয় অনুমোদিত অর্থের মধ্যে সীমিত রাখা হয়েছে এবং বিভিন্ন খাতে আয় বৃদ্ধি করে স্থানীয় আয় ৩৩% বৃদ্ধি করা সম্ভব হয়েছে যা সংশোধিত বাজেটে অর্ন্তভুক্ত করে প্রারম্ভিক জের ১,২১,১৪,০০০/- টাকাসহ সর্বমোট ৪৭,৯৫,৯৪,০০০/- (সাতচল্লিশ কোটি পচানব্বই লক্ষ চুরানব্বই হাজার) টাকার সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে।

(খ) ২০০৯-২০১০ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটে ১,৩২,৭০,০০০/- (এক কোটি বত্রিশ লক্ষ সত্তর হাজার) টাকার প্রারম্ভিক জের ও ১,৫৮,১০,০০০/- (এক কোটি আটান্ন লক্ষ দশ হাজার) টাকার সমাপনী জেরসহ সর্বমোট ৬৮,৮৯,৭২,৫০০/- (আটষট্টি কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকার প্রস্তাবিত বাজেট প্রণয়ন করা হয়েছে। যার মধ্যে বোর্ডের কর্মকর্তা/কর্মচারী, শিক্ষক/শিক্ষিকাদের বেতন ভাতা বাবদ ১১,৮০,৬৩,০০০/- (এগার কোটি আশি লক্ষ তেষট্টি হাজার) টাকা, নৈমিত্তিক ব্যয় বাবদ ৫,৩১,৫৯,৫০০/- (পাঁচ কোটি একত্রিশ লক্ষ উনষাট হাজার পাঁচশত) টাকা, সংস্কার/মেরামত বাবদ ১,৪১,০০,০০০/- (এক কোটি একচল্লিশ লক্ষ) টাকা, পেনশন/গৃহ নির্মাণ ঋণ ও অন্যান্য ব্যয় বাবদ ১,৩৮,৪০,০০০/- (এক কোটি আটত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং মৌলিক নির্মাণ ব্যয় বাবদ (ডিওএইচএসসহ) ৪৭,৩০,০০,০০০/-(সাতচল্লিশ কোটি ত্রিশ লক্ষ) টাকা অর্ন্তভুক্ত আছে। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৃহত্তর স্বার্থে ২০০৯-২০১০ আর্থিক সালের বাজেটে প্রসাশনিক ও আর্থিক ঘাটতি

চলমান পাতা-৪

পূরণকল্পে সাধারণ অনুদান বাবদ ৯,৮৬,৪৫,০০০/- (নয় কোটি ছিয়াশি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা বরাদ্দের প্রস্তাবসহ ৬৮,৮৯,৭২,৫০০/- (আটষট্টি কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকার প্রস্তবিত বাজেটটি অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ২০০৮-২০০৯ আর্থিক সালের ৪৭,৯৫,৯৪,০০০/- (সাতচল্লিশ কোটি পচানব্বই লক্ষ চুরানব্বই হাজার) টাকার সংশোধিত বাজেট এবং ২০০৯-২০১০ আর্থিক সালের ৬৮,৮৯,৭২,৫০০/- (আটষট্টি কোটি উননব্বই লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকার প্রস্তবিত বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৫ ঃ এপ্রিল, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ স্টেশন হেলথ অর্গানাইজেন এর প্রতিনিধি মেজর মোঃ জুলফিকার রহমান এপ্রিল, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের কয়েকটি পয়েন্টের পানির নমুনা Unsatisfactory. এছাড়া উপস্থাপিত স্বাস্থ্য প্রতিবেদন সন্তোষজনক বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ যে কয়েকটি স্থানের পানির নমুনা Unsatisfactory পাওয়া গিয়েছে জরুরী ভিত্তিতে তার প্রতিকার করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এপ্রিল, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনান্তে অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লটে নির্মিত বাড়ীর নিম্নবর্ণিত ১০(দশ)টি ফ্ল্যাটের প্রস্তাবিত ফ্ল্যাট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মালিক/আম-মোক্তারগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখিত প্লটের গৃহকর হালনাগাদ পরিশোধ আছে এবং অননুমোদিত নির্মাণের বিষয়টি নিয়মিত করা হয়েছে বিধায় নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৬/এফ, রোড#২, ফ্ল্যাট#সি/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ ফারুক খান, চেয়ারম্যান, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ), ১৮ কারওয়ান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এর ৯ এপ্রিল, ২০০১ তারিখের আবেদন। | মিসেস সামিমা পারভীন স্বামী- আলহাজ্ব মোঃ ওসমান মোল্লা বাড়ী#১৬/এফ, রোড#২, ফ্ল্যাট#সি/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৬ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। |
| (২) | বাড়ী#১৬/এফ, রোড#২, ফ্ল্যাট#এ/২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ ফারুক খান, চেয়ারম্যান, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ), ১৮ কারওয়ান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এর ২৮ মার্চ, ২০০৭ তারিখের আবেদন। | জনাব মুন্সি শাহজাহান পিতা- মুন্সি সামুদ্দিন বাড়ী#১৬/এফ, রোড#২, ফ্ল্যাট#এ/২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ৩০ এপ্রিল, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|
| (৩) | বাড়ী#১৬/এইচ, রোড#২/এ, ফ্ল্যাট#এ/৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ময়নুল আবেদীন, ব্যবস্থাপনা পরিচালক, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) এর ১০ জুলাই, ২০০৩ তারিখের আবেদন। | শেখ খোরশেদ আলী, পিতা- মরহুম শেখ ওয়াহেদ আলী, বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#এ/৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৪ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/গ নং পত্র। |
| (৪) | বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#৩/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন, ২৬/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিযুক্তীয় আম-মোক্তার)। ০৪ সেপ্টেম্বর, ২০০৬ | (ক) জনাব মোঃ আমিরুল ইসলাম পিতা- নুরুল ইসলাম (খ) মিসেস ফরিদা ইসলাম স্বামী- মোঃ আমিরুল ইসলাম ২৬/এ, ফ্ল্যাট # ৩/এ, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস। | ২৮ নভেম্বর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |
| (৫) | বাড়ী#২৬/এ, রোড#৪, ফ্ল্যাট#৩/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ হাসিবুল বাসার, ব্যবস্থাপনা পরিচালক, এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ (খন্দকার আওলাদ হোসেন ও খন্দকার এমদাদ হোসেন, ২৬/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিযুক্তীয় আম-মোক্তার)। ০৪ সেপ্টেম্বর, ২০০৬ | জনাব মাহবুবুর রহমান পিতা- ফজলুর রহমান বাড়ী # ২৫৭/১, পশ্চিম মানিকদী ঢাকা সেনানিবাস। | ১৭ জানুয়ারি, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |
| (৬) | বাড়ী#২৬/সি, রোড#৪, ফ্ল্যাট#৫/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ ফজলুল হক খান, বাড়ী#২৬/সি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ১৩ অক্টোবর, ২০০৮ তারিখের আবেদন। | মিসেস নিবেদিতা নার্গিস ইসলাম, স্বামী- আজহারুল ইসলাম, বাড়ী # ২৬/সি, ফ্ল্যাট # ৫/সি, রোড # ৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৬ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |
| (৭) | বাড়ী#৫৯, রোড#৭, ফ্ল্যাট#৩-বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ইঞ্জিনিয়ার মোঃ আজিজুর রহমান (মিসেস প্রীতি করিম এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, এপার্টমেন্ট ডিজাইন এন্ড ডেভঃ লিঃ, বাড়ী # ৬৭/বি, রোড # ১৫/এ (নতুন) ২৬ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯ এর ১৪ আগস্ট, ২০০৮ তারিখের আবেদন। | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, পিতা- মোহাম্মদ মতিউর রহমান, বাড়ী#৫৯, ফ্ল্যাট#৩-বি, রোড#৭, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৪ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/খ নং পত্র। |
| (৮) | বাড়ী#৬৬/এ, রোড#৭, ফ্ল্যাট#১ম তলার এ-১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | প্রকৌশলী তানভীরুল হক প্রবাল (মিসেস জিয়াউল কুবরা মতিন এর নিযুক্তীয় আম-মোক্তার), ব্যবস্থাপনা পরিচালক, বিল্ডিং ফর ফিউচার লিঃ, ৭৬ এবং ৭৬/এ, পান্থপথ, ঢাকা-১২১৫ এর ০৩ মার্চ, ২০০৯ তারিখের আবেদন। | জনাব মোঃ হাবিব উল্লাহ, পিতা- মৃত মোঃ আব্দুল্লাহ, বাড়ী#৬৬/এ, রোড#৭, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৪ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র। |
| (৯) | বাড়ী#৬৬/এ, রোড#৭, ফ্ল্যাট# এ-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস জিয়াউল কুবরা মতিন, বাড়ী#৬৬/এ, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ১০ মে, ২০০৮ তারিখের আবেদন। | বেগম সুলতানা মোরশেদ, স্বামী- জনাব গোলাম মোরশেদ তালুকদার, বাড়ী#৬৬/এ, ফ্ল্যাট#এ-২, রোড#৭, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ৩০ এপ্রিল, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |
| (১০) | বাড়ী#৬৯, রোড#৭, ফ্ল্যাট# ৪০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব সৈয়দ শফিউর রশিদ বাড়ী#৬৯, রোড#৭, ফ্ল্যাট# ৪০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৮ মার্চ, ২০০৪ তারিখে | কুদসিয়া হক, পিতা-মৃত ডাঃ এ. জেড. চৌধুরী, ফ্ল্যাট নং-৪০২, বাড়ী নং-৬৯, রোড নং-০৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। | ০৪ মে, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ফ্ল্যাটসমূহ প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৬

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | প্লট#৬৬/এ, রোড #৭, ফ্ল্যাট#তৃতীয় তলা পশ্চিম পার্শ্ব (২০০০ বর্গফুট বিশিষ্ট) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস্ রোকসানা আমজাদ স্বামী- বিএ-১০০৪৮৩ কর্ণেল মোঃ আমজাদ হোসেন ফকির প্লট#৬৬/এ, রোড #৭, ফ্ল্যাট#তৃতীয় তলা পশ্চিম পার্শ্ব (২০০০ বর্গফুট বিশিষ্ট) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৯ অক্টোবর, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৬/এ/ ফ্ল্যাট নং- তৃতীয় তলা পশ্চিম পার্শ্ব/১৫ নং পত্র। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রয়। |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৬/এ নং বাড়ীতে নির্মিত তৃতীয় তলা পশ্চিম পার্শ্বের ২০০০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাটটি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমোদনক্রমে মিসেস রোকসানা আমজাদ, স্বামী- বিএ-১০০৪৮৩ কর্ণেল মোঃ আমজাদ হোসেন ফকির এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক রেজিস্ট্রিকৃত দলিলমূলে সংশ্লিষ্ট ক্রেতা উক্ত ফ্ল্যাটটি ক্রয় করেন বিধায় ক্রেতার নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৬/এ নং প্লটে নির্মিত তৃতীয় তলা পশ্চিম পার্শ্বের ২০০০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাটটি মিসেস রোকসানা আমজাদ, স্বামী- বিএ-১০০৪৮৩ কর্ণেল মোঃ আমজাদ হোসেন ফকির এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১৭৭০ লেঃ কর্ণেল হোসাইন ফারুক, পিএসসি | ২৯৬ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (২) | জনাব আব্দুল খালেক খান | ৪৯৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৩) | পি নং-২১৫ কমান্ডার মোঃ সাখাওয়াত হোসেন খান | ১০৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএ-১১০০৭২ লেঃ কর্ণেল হাসিনা আখতার (অবঃ) | ১৪৬ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৫) | বিএ-১৫০৩ লেঃ কর্ণেল খালিদ রেজা | ২৩১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিডি-৭২১৫ এয়ার কমডোর শাকিব ইকবাল খান মজলিশ | ৫২২ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএসএস-১৫৮১ লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ) | ১০৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরবর্তন) |
| (৮) | বিএ-১৯১১ লেঃ কর্ণেল মোঃ আমিনুল ইসলাম (অবঃ) | ৬০০ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরবর্তন) |
| (৯) | বিডি-৭১৫৬ এয়ার কমডোর সৈয়দ ইমতিয়াজ হোসেন মাসুম | ৫৩১ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১০) | ড. দিল আফরোজ কাদের | ১৭ | বনানী ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন ২য় তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১১) | ডাঃ সুরাইয়া জাবীন ও মাহজাবীন মাসুদ | ৯৭ | বনানী ডিওএইচএস | -ঐ- |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১২) | আলহাজ্ব ইমতিয়াজ উদ্দিন সরদার গং | ৯/এ | বনানী ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১৩) | মিসেস লায়লা করিম | ২৮২/এ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৪(চার) তলা (আভ্যন্তরীন পরবর্তন) |
| (১৪) | মিসেস হাসিনা ইসলাম | ১৯৪ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (১৫) | হাজী মোঃ সাইজ উদ্দিন খান | সিবি-৭৪ মৌজা- লালাসরাই সিএস-১৩৫ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার | ০৫(পাঁচ) তলা নতুন ভবন |
| (১৬) | বিডি-৭০০৯ উইং কমান্ডার শহীদুল্লাহ (অবঃ) | ৭৬০ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৬ (ষোল)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৬ (ষোল) টি আবাসিক ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্রমিক নং- ১০, ১১, ১২, ১৩, ১৪ ও ১৫ এর নকশা অনুমোদনের পূর্বে রাস্তার ক্ষতিপূরণের অর্থ আগামী ৩০ জুন, ২০০৯ তারিখের মধ্যে জমা করার অঙ্গীকার গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপে স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ৩,৮৪,১৭৫/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২) | জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে শহীদ সরণিস্থ বিএনএস হাজী মহসিন এর সম্মুখে বিদ্যমান ফুটপাত ভেঙ্গে ড্রেন নির্মাণসহ ফুটপাত পুনঃনির্মাণ। | ৬,৪২,৩২২/- টাকা | অনুদান |
| (৩) | বারিধারা ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে নির্মিত নতুন বাউন্ডারী ওয়াল সংলগ্ন ইঞ্জিনিয়ার ব্রিগেডের এ্যামো এক্সপ্লোসিভ এর নিরাপত্তার জন্য ডিওএইচএস এর বাউন্ডারী ওয়ালের উচ্চতা বৃদ্ধিসহ জিআই পাইপ দ্বারা জি আই ওয়্যার মেস নেট স্থাপনস | ১,৪৩,১৬৪/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছন হতে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন রাস্তার উত্তর পার্শ্ব দিয়ে পুকুর পর্যন্ত ড্রেন সম্প্রসারণ কাজ। | ২,৬৩,৪০১/- টাকা | অনুদান |
| (৫) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের অবশিষ্ট টয়লেটসমূহে টাইলস স্থাপন। | ১,৪০,২৫৪/- টাকা | অনুদান |
| (৬) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয় ভবনের বাৎসরিক সংস্কার-মেরামত ও রংকরণ কাজ। | ৯১,৫৫৬/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৭) | স্বাধীনতা সরণির রজনীগন্ধা এমপি চেকপোস্ট হতে পূর্ব দিকে এমইএস পরিদর্শন বাংলোর পূর্ব পার্শ্ব পর্যন্ত রাস্তার মাঝখানে পাকা রোড ডিভাইডার নির্মাণ/স্থাপন কাজ। | ১,১১,৪১৪/- টাকা | অনুদান |
| (৮) | স্বাধীনতা সরণির ফুটপাত মেরামতকরণ। | ৪১,৯১৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, উপরোক্ত ০৮টি মূল্যানুমান যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে। কাজগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করা দরকার।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৪ ও ৫ ব্যতীত অবশিষ্ট ৬টি মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-৬ এবং ৮ এর মেরামত কাজ দু'টি দরপত্র আহবানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-৮

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মুসলিম মডার্ণ একাডেমীর শ্রেণী কক্ষের জানালা স্থাপন এবং ফ্লোরে পিসিসিসহ অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৯৯,৬০০/- টাকা | এম এইচ এন্টারপ্রাইজ | ২,২০,৪৬৩/৬০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের দরজা-জানালা পুনঃনির্মাণ কাজ। | ৫০,০০০/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স | ৫৫,২১৭/৯৪ | প্রাপ্ত অনুদান হতে |
| (৩) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বৈদ্যুতিক লো-ভোল্টেজ রোধকল্পে মেইন লাইন সিংগেল ফেজ এর স্থলে থ্রি ফেজকরণ। | ১,৯৬,৭৬৫/- টাকা | মেসার্স খান ট্রেডার্স | ২,১২,৯৬৬/০৪ টাকা | বিদ্যালয় তহবিল |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৩ নং পানির পাম্প স্থাপনের ফলে পানির প্রেসার বৃদ্ধি পাওয়ায় পুরাতন পানির লাইনে সৃষ্ট লিক মেরামতসহ পানির লাইন সংস্কার কাজ। | ১,৯৯,৮৬২/- টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ২,২০,১৩১/৯৫ টাকা | প্রাপ্ত অনুদান হতে |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/বি নং স্টাফ কোয়ার্টারের পুরাতন ছিদ্রযুক্ত পানির ট্যাংক পরিবর্তন করে নতুন পানির ট্যাংক স্থাপন কাজ। | ২৫,৫৫৭/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ২৮,১১০/৬৬ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৬) | মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নির্মাণাধীন প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকের বাসভবনের জন্য বহিস্থ গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন কাজ। | ১,৯৮,৮৮৪/- টাকা | মেসার্স খান ট্রেডার্স | ২,১৬,৭২৭/৬৭ টাকা | বরাদ্দকৃত অনুদান হতে |
| (৭) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতারের জন্য স্প্লিট টাইপ ১.৫ টন ক্যাপাসিটির ৪টি এয়ারকন্ডিশনার সরবরাহ ও স্থাপন। | ২,২০,০০০/- টাকা (বাজার দর) | হারুন ইঞ্জিনিয়ারিং লিঃ | ২,২০,০০০/- টাকা | অনুদান |
| (৮) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা নং-৪/বি-১, ৬৪/এইচ, ১০১ (৩য় তলা) ও মানিকদী স্টাফ কোয়ার্টার নং-৩ মেরামত-সংস্কার ও রংকরণ কাজ। | ১,২১,৭০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৩৩,৮২৪/-৬৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৯) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা নং-২৫/ডি-৩, ২৫/ডি-৭ ও ২৫/ডি-২ এর মেরামত-সংস্কার ও রংকরণ কাজ। | ১,২৮,৬৮২/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ১,৪১,৪৫৩/৬৪ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১০) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর তৃতীয় শ্রেণীর স্টাফ কোয়ার্টারের ৩য় তলা নির্মাণ। | ১৬,৫২,৭২১/- টাকা | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ১৯,৫৩,৬৯৮/৭২ টাকা | পিসিবি কর্তৃক মিনিটশীটের মাধ্যমে সাভূসে অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অনুদান |
| (১১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ ভবনের পূর্ব পার্শ্বে ৩য় তলার অংশ বিশেষ সম্প্রসারণসহ টয়লেটে টাইলস স্থাপন। | ২১,৩৫,৬২৫/- টাকা | মেসার্স সাহাব উদ্দিন এন্টারপ্রাইজ | ২৫,৫০,৪২১/৪৫ টাকা | -ঐ- |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/এ নং প্লটের পিছনে চতুর্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের বিদ্যমান নিচতলার উপর ২য় তলা (১ × ৪ ইউনিট বাসস্থান) নির্মাণ। | ৩২,০৭,০০০/- টাকা | মেসার্স চাষী কনস্ট্রাকশন | ৩৮,৪৬,৮৩৫/৩১ টাকা | -ঐ- |
| (১৩) | বারিধারা ডিওএইচএস এর দুই পার্শ্বের প্রবেশ গেইটের সলিং রাস্তার উপর কার্পেটিংকরণ। | ৭,৪২,৬৫৩/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৬,০৮,১০৩/৫৬ টাকা | -ঐ- বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৪) | মুসলিম মডার্ণ একাডেমীর উত্তর-পশ্চিম পার্শ্বের সীমানা দেয়াল সংলগ্ন ড্রেন সংস্কার ও ময়লা পরিষ্কারকরণ (ড্রেনের দৈর্ঘ ২৯৮-০˝)। | ১,৯৫,৫৭৭/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন | ২,১৪,৫২৭/৬১ টাকা | অনুদান |
| (১৫) | মুসলিম মডার্ণ একাডেমীর দেয়াল হতে পশ্চিম দিকে তামান্না কমপ্লেক্স পর্যন্ত ড্রেন পরিষ্কার ও আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ (ড্রেনের দৈর্ঘ ১০০৫-০˝)। | ১,২৩,৫৬২/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৩৫,১৬৭/৪৮ টাকা | অনুদান |
| (১৬) | সিবি-৭২ হতে সিবি-১৪১/এ পর্যন্ত ড্রেন পরিষ্কার, আরসিসি স্ল্যাব নির্মাণ ও পিসিসি রাস্তা মেরামত (ড্রেনের দৈর্ঘ১০ ২৮-০˝)। | ১,৯৮,২৭৯/- টাকা | রক বিল্ডার্স | ২,১৭,০৪১/৭৮ টাকা | অনুদান |
| (১৭) | সিবি-১৪১/এ হতে পশ্চিম দিকে সিবি-১৫১ পর্যন্ত এবং সিবি-১৫১ হতে সিবি-২১০ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন পরিষ্কার ও ম্যানহোল মেরামত কাজ (ড্রেনের দৈর্ঘ্য ৫৮৪ - ০˝)। | ১,৯৫,৯৫৬/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২,১৩,১২৩/৯৭ টাকা | অনুদান |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১৮) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের টয়লেটসমূহে টাইলস্ স্থাপন। | ১,৯৭,৩৪০/- টাকা | মেসার্স আলম ব্রাদার্স | ২,১৬,০৯৭/২৬ টাকা | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল |
| (১৯) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের টয়লেটসমূহে টাইলস্ স্থাপন। | ২,১০,০০০/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২,২৬,৬২৯/৮৪ টাকা | সংশ্লিষ্ট কলেজ তহবিল |
| (২০) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর টয়লেটসমূহে টাইলস্ স্থাপন। | ২,৮১,২২৯/- টাকা | মেসার্স লাকী ট্রেডার্স | ৩,০০,৯৩৩/৪৪ টাকা | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল |
| (২১) | রজনীগন্ধা সুপার মার্কেটের ২টি গ্রুপ টয়লেট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৪৭,৯৭১/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৫৯,১৯৪/৭১ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোড (ধামালকোর্ট) এলাকার নিরাপত্তা দেয়াল ভেঙ্গে গ্রিলের গেইট স্থাপন কাজ। | ২৪,৪১১/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারর্স এন্ড কোং | ২৬,৭৩০/৮০ টাকা | আর্মি কন্ট্রাকচুয়ালী খাত পিসিবি কর্তৃক মিনিটশীটের মাধ্যমে মূল্যানুমান অনুমোদিত। |

আলোচনা ঃ উপরোক্ত ২২(বাইশ)টি কাজের সর্বনিম্ন দর TEC (Tender Evaluation Committee) কর্তৃক যাচাই বাছাই করা হয়েছে। দরগুলো অনুমোদন করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী সুপারিশ করেন।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত ২২(বাইশ)টি কাজের সর্বনিম্ন দর নিম্নোক্তভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য | ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২,২০,৪৬৩/৬০ টাকা | | ১২ | ৩৮,৪৬,৮৩৫/৩১ টাকা | ঘটনোত্তর অনুমোদন করা হলো। |
| ২ | ৫৫,২১৭/৯৪ টাকা | | ১৩ | ৬,০৮,১০৩/৫৬ টাকা | -ঐ- |
| ৩ | ২,১২,৯৬৬/০৪ টাকা | | ১৪ | ২,১৪,৫২৭/৬১ টাকা | |
| ৪ | ২,২০,১৩১/৯৫ টাকা | | ১৫ | ১,৩৫,১৬৭/৪৮ টাকা | |
| ৫ | ২৮,১১০/৬৬ টাকা | | ১৬ | ২,১৭,০৪১/৭৮ টাকা | |
| ৬ | ২,১৬,৭২৭/৬৭ টাকা | | ১৭ | ২,১৩,১২৩/৯৭ টাকা | |
| ৭ | ২,২০,০০০/- টাকা | | ১৮ | ২,১৬,০৯৭/২৬ টাকা | |
| ৮ | ১,৩৩,৮২৪/-৬৯ টাকা | | ১৯ | ২,২৬,৬২৯/৮৪ টাকা | |
| ৯ | ১,৪১,৪৫৩/৬৪ টাকা | | ২০ | ৩,০০,৯৩৩/৪৪ টাকা | |
| ১০ | ১৯,৫৩,৬৯৮/৭২ টাকা | ঘটনোত্তর অনুমোদন করা হলো। | ২১ | ১,৫৯,১৯৪/৭১ টাকা | |
| ১১ | ২৫,৫০,৪২১/৪৫ টাকা | -ঐ- | ২২ | ২৬,৭৩০/৮০ টাকা | |

ক্রমিক নং-২২ ব্যতীত অবশিষ্ট ২১ টি কাজের মধ্যে ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ সহ মোট ১৭টি কাজের দরগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। ক্যান্টনমেন্ট এর ট্রেন্সিং গ্রাউন্ডে ট্রাক চলাচলের প্রয়োজনে ক্রমিকনং-২২ এর কাজটির কার্যাদেশ প্রদানপূর্বক জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হোক।

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপে ১০২, ১০৩, ১০৪, ১০৯, ১১০ ও ১১১ নং প্লটের পশ্চিম পার্শ্বে ধ্বসে যাওয়া রোধকল্পে রিটেইনিং ওয়াল নির্মাণ। | ১,৮৫,২২২/- টাকা | মেসার্স মনির এন্ড কোং |
| (২) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৩, ৪, ৫ ও ৬/এ এবং ২ এর তিনটি লিংক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৬২,৭৫৮/৭৫ টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের উত্তর-পশ্চিম প্রান্তে ৮১ নং প্লটের খালি জমিতে আংশিক রিকশা স্ট্যান্ড নির্মাণ, পশ্চিম পার্শ্বে মার্গ হাউসের পূর্বে পাকা ড্রেন নির্মাণ এবং ধামালকোর্টগামী রাস্তা কার্পেটিংকরণ কাজ। | ৩২,০৭১/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ডের সভাকক্ষের কার্পেট ও পর্দা সরবরাহ কাজ। | ৯,৮২০/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত ০৪(চার)টি মেরামত/প্রকল্প সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ০৪(চার)টি প্রকল্পের বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১২ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের নাইট গার্ডের চাঁদা কমানো এবং বাজার কমিটিকরণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তা প্রহরীদের দায়িত্বভার ট্রাষ্ট সিকিউরিটি এন্ড লজিষ্টিক কোম্পানী নিকট ০১/০২/২০০৯ তারিখে ন্যস্ত করা হয়। উক্ত খাতে চাঁদা আদায়ের পূর্বে নির্ধারিত ৮৫/-(পচাশি) টাকা ও ১১০/-(একশত দশ) টাকার পরিবর্তে গত ২১/০১/২০০৯ তারিখের বোর্ড সভার আলোচ্যসূচী-৩২ বিবিধ(৪) এর মাধ্যমে ১০ হতে ৩০ বছর মেয়াদী দোকানের ব্যবসায়ীদের নিকট হতে মাসিক ২০০/-(দুইশত) টাকা এবং ১ হতে ৫ বছর মেয়াদী দোকানের ব্যবসায়ীদের নিকট হতে মাসিক ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা হারে চাঁদা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট বাজারের ব্যবসায়ীগণ পূর্বের চাঁদা বহাল রাখার জন্য ০৫/০৪/২০০৯ তারিখে আবেদন করেন। এতদ্বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩/৪/২০০৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১ থেকে ৫ বছর মেয়াদী দোকান থেকে মাসিক ১২৫/- (একশত পঁচিশ) টাকা এবং ১০ থেকে ৩০ বছর মেয়াদী দোকান থেকে মাসিক ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে নাইট গার্ডের চাঁদা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। রজনীগন্ধা সুপার মাকেটের বাজার কমিটির সহযোগী সদস্যদের মেয়াদ ২০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হবে বিধায় নতুন সহযোগী সদস্য নির্বাচনের কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-১৩ ঃ ভিশন লিভিং লিঃ, বাড়ী#১২, রোড#১০, সেক্টর#৪, উত্তরা, ঢাকা-কে ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ডেভলোপার হিসেবে কাজ করার অনুমতিসহ ট্রেড লাইসেন্স প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স ভিশন লিভিং লিমিটেড নামক নির্মাণকারী সংস্থা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ডেভলপার হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য ৩০/০৩/২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। ডিওএইচএসসমূহের ক্ষেত্রে এই ধরনের আবেদন গুলোর উপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট কাউন্সিলে প্রেরণ করা হয়ে থাকে। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় যেহেতু এরূপ কোন কমিটি/কাউন্সিল নেই সেহেতু বিষয়টির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ডেভলোপার হিসেবে কাজ করার জন্য নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে কোন প্লটে বাড়ী নির্মাণ কাজ শুরু করার পূর্বে অবশ্যই বোর্ডের নির্ধারিত নিরাপত্তা জামানত জমা করতে হবে।

আলোচ্যসূচী-১৪ ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-২০৬/এ নং বাসায় ক্লিনিক পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স প্রদানের নিমিত্তে জনাব কাজী মহিউদ্দিন (মনির) এর ০৫ মে, ২০০৯ তারিখের আবেদনের আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত এলাকাস্থিত ২০৬/এ নং বাড়ীতে মাতৃসেবা নামক ক্লিনিক ব্যবসা প্রতিষ্ঠান চালু করার জন্য ১২/০৫/২০০৮ তারিখে জনাব কাজী মহিউদ্দিন মনির ট্রেড লাইসেন্সের জন্য আবেদন করেন। উক্ত আবেদনটি অত্র দপ্তরের ঢাক্যাবো/ট্রেড লাঃ/জেঃ/৫/৪৩ নং পত্রে ডিজিএফআই এর নিকট ছাড়পত্রের জন্য প্রেরণ করা হয়। ডিজিএফআই এর ২০/০৯/২০০৮ তারিখে ১৩০০/১২০/৬৫ নং পত্রে ছাড়পত্র প্রদান করা হলো না মর্মে অত্র দপ্তরকে অবহিত করেন। পরবর্তীতে কাজী মহিউদ্দিন মনির ০৫/০৫/২০০৯ তারিখে একই ঠিকানায় মাতৃসেবা ক্লিনিক ব্যবসা প্রতিষ্ঠান চালু করার ট্রেড লাইসেন্স চেয়ে পুনরায় আবেদন করেন।

সিদ্ধান্ত ঃ সার্বিক বিষয় পর্যালোচনা করে এবং ডিজিএফআই এর ছাড়পত্র না পাওয়ায় আবাসিক এলাকায় ক্লিনিক পরিচালনার নিমিত্তে ট্রেড লাইসেন্স প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-১৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী জবাইখানার ০৩(তিন) বছর মেয়াদী ১৬(ষোল)টি দোকান পরবর্তী মেয়াদে বরাদ্দ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে ২০০৫ সনে ১০,০০০/-(দশ হাজার) টাকা সালামী গ্রহণান্তে ০৩(তিন)বছরের জন্য নিম্নেবর্ণিত ১৬ টি মুরগী জবাইয়ের জন্য ভিটি বরাদ্দ দেয়া হয়। উক্ত ভিটির মেয়াদ গত ৩১ ডিসেম্বর,২০০৮ তারিখে উত্তীর্ণ হয়ে গেছে। সালামী এবং ভাড়া পুনঃ নির্ধারণ করে উক্ত দোকানগুলো পরবর্তী মেয়াদে বরাদ্দ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্র/নং | বরাদ্দ গ্রহীতার নাম | দোকান নং | মেয়াদ উর্ত্তীনের তারিখ | ভাড়া পরিশোধের মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আনোয়ার হোসেন | জবাই খানা/০১ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ২। | জনাব মোঃ সাইফুর ইসলাম | জবাই খানা/০২ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৩। | জনাব মোঃ মিজানুর রহমান | জবাই খানা/০৩ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৪। | জনাব মোঃনাসির উদ্দিন | জবাই খানা/০৪ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৫। | জনাব মোঃ মনিরুল ইসলাম | জবাই খানা/০৫ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৬। | জনাব মোঃ বিল্লাল হোসেন | জবাই খানা/০৬ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৭। | জনাব মোঃ বিল্লাল হোসেন | জবাই খানা/০৭ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৮। | জনাব মোঃ মাহমুদুল হাসান শুভ | জবাই খানা/০৮ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ৯। | জনাব মোঃ এ বি এম সিদ্দিক | জবাই খানা/০৯ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১০। | জনাব মোঃ ফজল আহমেদ | জবাই খানা/১০ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১১। | জনাব মোঃ হান্নান | জবাই খানা/১১ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১২। | জনাব মোঃ জিয়াউল আমিন | জবাই খানা/১২ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১৩। | জনাব মোঃ জাকির হোসেন | জবাই খানা/১৩ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১৪। | জনাব মোঃ কাউসার | জবাই খানা/১৪ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১৫। | জনাব মোঃ জসিম উদ্দিন বেপারী | জবাই খানা/১৫ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |
| ১৬। | জনাব শাহ্ মোঃ মানিক | জবাই খানা/১৬ | ৩১/১২/২০০৮ | ডিসেম্বর/০৮ | |

সিদ্ধান্ত ঃ উপরোক্ত দোকানগুলো ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামী এবং প্রতি বর্গফুট মাসিক ৭/- (সাত) টাকা ভাড়ায় পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট এর ইজারা বাতিল প্রসংগে।

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেট সর্বোচ্চ ৬,২০,০০০/- টাকা ডাককারী হিসেবে জনাব মোঃ মশিউর রহমান রতন, সি-২২৮, রজনীগন্ধা সুপার মার্কেটকে ০১/০৮/২০০৮ হতে ৩১/০৭/২০০৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদান করা হয়। সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার নিকট হতে এ যাবৎ ৩,৫৫,০০০/- টাকা পাওয়া গেছে। অবশিষ্ট টাকা পরিশোধ করার জন্য বারবার অনুরোধ করা সত্ত্বেও পরিশোধ না করায় বিষয়টি মিনিট শীটের মাধ্যমে ০২/০৪/২০০৯ তারিখে স্টেশন কমান্ডার ও সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়কে অবহিত করা হয়। অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক ১৫/০৪/২০০৯ তারিখে ইজারার অবশিষ্ট অর্থ পরিশোধের জন্য সংশ্লিষ্ট ইজারা গ্রহীতা কে লিগ্যাল নোটিশ প্রদান করা হয়। এতদসত্ত্বেও ইজারা গ্রহীতা অবশিষ্ঠ অর্থ পরিশোধ না করায় অত্রদপ্তরের ২৬/০৪/২০০৯ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/টয়লেট/৩/৮৮ নং পত্রে উক্ত টয়লেটের ইজারা বাতিল পূর্বক টয়লেটগুলো বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয় এবং বোর্ডের তত্ত্বাবধানে পরিচালনা করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেটের ইজারা বাতিল করার ঘটনোত্তর সিদ্ধান্ত গৃহীত হলো। ২০০৮-২০০৯ অর্থ বছরের ইজারাদার জনাব মোঃ মশিউর রহমান রতন এর নিকট হতে ইজারার অবশিষ্ট অর্থ আদায়ের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১২

আলোচ্যসূচী-১৭ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় মসজিদের ইমাম সাহেবের বাসার উপর ২য় তলায় মোয়াজ্জিন ও খাদেম এর বাসস্থান মুসল্লিদের অনুদানের টাকার নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় মসজিদের ইমাম সাহেবের বাসাটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মাণ করা হয়েছে। উক্ত বাসস্থানের উপর ২য় তলায় মোয়াজ্জিন ও খাদেম এর বাসস্থান মুসল্লিদের অনুদানের টাকায় নির্মাণের অনুমতি চেয়ে মহাখালী ডিওএইচএস পরিষদ গত ২৭ জানুয়ারি, ২০০৯ তারিখের ৩৩৭/ ডিওএইচএস/০৯ নং পত্রের মাধ্যমে আবেদন করা হয়।

সিদ্ধান্ত ঃ প্রস্তাবটি বিবেচনা করা গেল না।

আলোচ্যসূচী-১৮ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে তালুকদার ট্রেডিং কর্পোরেশন-কে অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখে মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে তালুকদার ট্রেডিং কর্পোরেশন ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করতঃ আগামী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৮ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে মিরপুর ডিওএইচএস পরিষদের মতামত পাওয়া যায় (পত্র নং-১৭০১/ডিওএইচএস/মিরপুর)। গত ৩০ এপ্রিল, ২০০৯ তারিখে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে (পত্র নং-১৯০০/৬০/ডিজিএফআই তারিখ ঃ ২০ এপ্রিল, ২০০৯।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে তালুকদার ট্রেডিং কর্পোরেশন-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজের জন্য ২টি ট্রাক ক্রয়ের দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজের জন্য ২ (দুই)টি ০৩ টনী ট্রাক সরবরাহের নিমিত্তে পুনঃদরপত্র বিজ্ঞপ্তি (তৃতীয়বার) প্রচার করা হলে ৭ মে, ২০০৯ ইং তারিখে ৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে নিটল মটরস লিঃ, ৭১ নিটল মটরস সেন্টার, মহাখালী ঢাকা কর্তৃক প্রতিটি ট্রাকের মূল্য ১৬,৪৪,৫০০/-(ষোল লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা হিসাবে মোট ৩২,৮৯,০০০/- (বত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা সর্বনিম্ন দর দাখিল করা হয়। স্পেসিফিকেশন এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির মতামত পর্যালোচনা করে উক্ত দরে ট্রাক ০২(দুই)টি ক্রয় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ নিটল মটরস লিঃ কর্তৃক প্রদত্ত ৩২,৮৯,০০০/- (বত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা সর্বনিম্ন দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৩

আলোচ্যসূচী-২০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ এ/১৪৬ নং দোকানে বিউটি পার্লার ব্যবসা করার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ডিজিএফআই অফিস সংলগ্ন এ/১৪৬ নং দোকানে বিউটি পার্লার চালু করার জন্য উক্ত দোকানের ভাড়াটিয়া শায়লা হোসেন গত ১২/০৫/২০০৯ তারিখের অনুমতি চেয়ে আবেদন করেন। বিস্তারিত আলোচনায় ডিজিএফআই অফিস সংলগ্ন রজনীগন্ধা সুপার মার্কেটের উল্লেখিত দোকানে বিউটি পার্লার এর ব্যবসা করার অনুমতি প্রদান না করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপ্মর মার্কেটের এ/১৪৬ নং দোকানে বিউটি পার্লার এর ব্যবসা করার অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ ঃ ডিওএইচএস ও ক্যান্টনমেন্ট এলাকায় ডিস/ইন্টারনেট সার্ভিস প্রদানের নীতিমালা সংশোধন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৮/০৫/২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৫ এর মাধ্যমে ঢাকা সেনানিবাসসহ ডিওএইচএসসমূহে ইন্টারনেট/ডিস সার্ভিস প্রদানের নীতিমালা অনুমদিত হয়। উক্ত নীতিমালার শর্তাবলী পরিবর্তন/সংযোজন করা প্রয়োজন বিধায় সংশোধিত নীতিমালা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সংশোধিত নীতিমালা সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ ডিওএইচএস ও ক্যান্টনমেন্ট এলাকায় ডিস/ইন্টারনেট সার্ভিস প্রদানের নীতিমালা নিম্নোক্তভাবে অনুমোদন করা হলো ঃ-

**ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ডিওএইচএস এবং ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যাবল টিভি/ইন্টারনেট স্থাপনের সংশোধিত নীতিমালাঃ**

**" নীতিমালা "**

(ক) ঢাকা সেনানিবাসের আওতাধীন সকল ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকাসমূহের জন্য এ সংশোধিত নীতিমালা প্রযোজ্য।

(খ) প্রকৃত ব্যবসা পরিচালানাকারী মালিক/কর্তৃপক্ষ ব্যবসার বিশদ বিবরণসহ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার , ঢাকা সেনানিবাস এর বরাবরে ট্রেড লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশনের নিকট হতে আবেদনের স্বপক্ষে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(ঘ) ডিওএইচএস এসোসিয়েশন ছাড়পত্র সম্বলিত আবেদনপত্র ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

(ঙ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচায়ান্তে ডিজিএফআই-এর ছাড়পত্রের জন্য প্রেরণ করবে।

(চ) ডিজিএফআই-এর ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট আবেদনপত্রটি বোর্ডসভার অনুমোদনের জন্য পেশ করতে হবে।

চলমান পাতা-১৪

(ছ) আবেদনকারীকে সেবাদান সংক্রান্ত সকল বিষয়াদি আবেদনে উল্লেখ করতে হবে। আবেদনকারী কর্তৃক অথবা তাঁর মনোনীত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক খারাপ আচার-আচরণ করা হবে না, সেবাদানকালে আবাসিক এলাকাস্থ বাড়ীর মালিকদের অথবা সরকারী সম্পদের কোন প্রকার ক্ষতি সাধিত হবে না ইত্যাদি উল্লেখ করে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার স্ট্যাম্পে ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(জ) ব্যবসায়ী প্রতিষ্ঠান কি হারে গ্রাহকদের নিকট হতে সংযোজন ফি এবং মাসিক ফি আদায় করবে তা সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশনের সাথে আলোচনা করে নির্ধারণ করবে। এছাড়া ডিওএইচএস এসোসিয়েশন সমূহের মতামত সম্বলিত সনদপত্র গ্রহণ সাপেক্ষে বোর্ডসভার অনুমোদন গ্রহণ করে ফি হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

ঝ) কোন সেবাদান প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশন অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হতে ক্যান্টনমেন্ট বোর্ডে অভিযোগ উত্থাপিত হলে উহা বোর্ডসভায় উপস্থাপনপূর্বক প্রতিষ্ঠানের বিরুদ্ধে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করা বোর্ডের এখতিয়ারাধীন ।

(ঞ) ব্যবসায়ী প্রতিষ্ঠানকে বোর্ডের নির্ধারিত ট্রেড লাইসেন্স ফি ছাড়াও ব্যবসা চলাকালীন সময়ে প্রতি মাসে সংযোজন সংখ্যা হারে ২৫/- টাকা ফি প্রদান করতে হবে। উক্ত ফি প্রত্যেক মাসের ০৭(সাত) তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় প্রতিদিনের জন্য ৫০/- টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

(ট) কোন ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করতে চাইলে ডিওএইচএস এসোসিয়েশনের প্রত্যয়নপত্রসহ ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় পাওনাদী পরিশোধ করে বন্ধ করার ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করতে হবে।

(ঠ) আবেদনকারীর আবেদন গৃহীত হওয়ার পর ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টমেন্ট এর অনুকূলে নগদ/ডিডি/পে-অর্ডার আকারে ২৫,০০০/-(পঁচিশ হাজার ) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে (ব্যবসা বন্ধ করলে ক্যান্টনমেন্ট বোর্ডের পাওনা সমন্বয় পূর্বক ফেরৎযোগ্য)।

(ড) সেবাদান প্রতিষ্ঠানের অফিস ডিওএইচএস অথবা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় থাকতে হবে । এছাড়াও সেনানিবাস এলাকায় কোন প্রকার স্থাপনা নির্মান করা যাবে না।

(ঢ) সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের সার্ভিস প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল এবং টেলিফোন থাকতে হবে।

(ণ) সেবাদানকারী প্রতিষ্ঠানের ক্যাবলে নির্দিষ্ট দূরত্ব অন্তর অন্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচিতি মার্ক থাকতে হবে।

(ত) সেবাদানকারী প্রতিষ্ঠান আইন -শৃঙ্খলা অথবা আবাসিক এলাকার পরিবেশ বিঘ্নিত হয় এমন কোন কাজ করবে না।

(থ) ক্যান্টনমেন্ট বোর্ড চাইলে ০৩ (তিন) দিনের নোটিশে ব্যবসা বন্ধ করার জন্য বলতে পারবে এবং নতুন কোন সিদ্ধান্ত বোর্ড কর্তৃক আরোপ করা হলে আবেদনকারী তা মানতে বাধ্য থাকবে।

(দ) এ অনুমতিপত্র কোন ক্রমেই তৃতীয় পক্ষের নিকট সাব-কন্ট্রাক্ট বা সাব-লীজ জেদয়া যাবে না।

চলমান পাতা-১৫

আলোচ্যসূচী-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা বরাদ্দের নীতিমালা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বাসা বরাদ্দের নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রণীত খসড়া নীতিমালাটি সভায় বিস্তারিতভাবে পর্যালোচনা করা হলো। উক্ত নীতিমালায় বোর্ডের কোন শ্রেণীর কতটি বাসা আছে, শ্রেণী ভিত্তিক জনবলের তালিকা এবং বিদ্যমান বাসাগুলোতে কোন শ্রেণীর কত জন বসবাস করছে, কত সময় ধরে বসবাস করছে তার বিস্তারিত প্রতিবেদনসহ শ্রেণী ভিত্তিক বাসা বরাদ্দের প্রস্তাব করা প্রয়োজন ছিল বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত নীতিমালায় বোর্ডের কোন শ্রেণীর কতটি বাসা আছে, শ্রেণী ভিত্তিক জনবলের তালিকা এবং বিদ্যমান বাসাগুলোতে কোন শ্রেণীর কত জন বসবাস করছে, কত সময় ধরে বসবাস করছে তার বিস্তারিত প্রতিবেদনসহ শ্রেণী ভিত্তিক বাসা বরাদ্দের প্রস্তাবসহ নীতিমালাটি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ১০ টনী রোড রোলার সরবরাহের দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ১০ টনী রোড রোলার সরবরাহের জন্য পুনঃ দরপত্র (তৃতীয় বার) ০৭ মে, ২০০৯ তারিখে আহবান করা হয়। তৎপ্রেক্ষিতে ভি আই পি শাহাদাত পোল্ট্রি এন্ড হ্যাচারী কর্তৃক ২৭,৯০,০০০/- (সাতাশ লক্ষ নব্বই হাজার) টাকার একটিমাত্র দরপত্র পাওয়া যায়। আলোচনায় আরো জানা যায় যে, দাখিলকৃত দরপত্রে ইন্ডিয়ার তৈরী রোড রোলার সরবরাহের জন্য দর দাখিল করা হয়েছে। যা ক্রয় করা যুক্তিযুক্ত হবে না মর্মে বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত ঃ সিএমইএম (আর্মি), ঢাকা এর সহায়তায় রোড রোলার এর বিস্তারিত স্পেসিফিকেশন প্রস্তত করে বহুল প্রচারিত একাধিক জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জরুরী ভিত্তিতে পুনঃ দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ ঃ মিরপুর সেনানিবাসের একটি ডাস্টবিন স্থানান্তরসহ আরো নতুন ০৩(তিন)টি ডাস্টবিন স্থাপন প্রসংগে। এ প্রসংগে জিই (আর্মি) মিরপুর, সেনানিবাসের ০৯ এপ্রিল, ২০০৯ তারিখের ২০০৩/৭৫/ই-২নং পত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর সেনানিবাস এমপি চেকপোস্ট হতে চাকুলী মেইন রোডের পূর্বপার্শ্বে ওআরএস বাসস্থান এলাকায় একটি ডাস্টবিন আছে। ডাস্টবিনটি রাস্তা সংলগ্ন হওয়ায় শিয়াল, কুকুর ও বিড়ালে ডাস্টবিনের ময়লা/আবর্জনা ছড়িয়ে ছিটিয়ে রাস্তায় নিয়ে যায়। ফলে এলাকায় নোংরা ও দুর্গন্ধের সৃষ্টি হয়, যায় দরুন চলাচলের বিঘ্ন সৃষ্টি হয়। মিরপুর সেনানিবাস এলাকা দূষণমুক্ত রাখার নিমিত্তে এমপি চেকপোস্ট হতে চাকুলী পর্যন্ত মেইন রোডের পশ্চিম পার্শ্বে জেসিও'স বাসস্থান এলাকায় ২ টি এবং ওআরএস ও ফলোয়ার'স বাসস্থান এলাকায় ১টি সহ মোট ৩টি ডাস্টবিন নির্মাণের জন্য জি ই (আর্মি) মিরপুর সেনানিবাসের ৯ এপ্রিল ২০০৯ইং তারিখের ২০০৩/৭৫/ই-২ পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। প্রস্তাবিত এলাকায় ০৩(তিন)টি ডাস্টবিন স্থাপন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মিরপুর সেনানিবাস এমপি চেকপোস্ট হতে চাকুলী মেইন রোডের পূর্বপার্শ্বে ওআরএস বাসস্থান এলাকার বিদ্যমান ডাস্টবিনটি জিই (আর্মি), মিরপুর সেনানিবাস এর সাথে সমন্বয় করে স্থানান্তরকরণসহ আরো নতুন ০৩(তিন)টি ডাস্টবিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৬

২৫ বিবিধ (১) ঃ নেভী কঞ্জারভেন্সী শাখার ট্রাক (নং- ঢাকা মেট্রো-ন-৪৫২০) মেরামতের নিমিত্তে প্রাপ্ত সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, নেভী কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো -ন- ৪৫২০ নং গাড়ীটি দীর্ঘ দিনের পুরাতন। যার ফলে গাড়ীটির চেসিস ও চ্যানেল ভেঙ্গে গিয়েছে। তাছাড়া কেবিন ও সাসপেনশন এর কাজ করাতে হবে। গাড়ীর সম্পূর্ণ ইঞ্জিনের বড় ধরনের মেরামত এবং সম্পূর্ণ গাড়ীর রং এর কাজ করা প্রয়োজন। উল্লেখিত গাড়ীটি মেরামতের নিমিত্তে গত ১৪ মে, ২০০৯ইং তারিখে দরপত্র আহবান করা হলে ৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাহের এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ১,৯৮,৮৫০/- (একলক্ষ আটানব্বই হাজার আটশত পঞ্চাশ ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত গাড়ীটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ নেভী কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ন- ৪৫২০ নং গাড়ীটি মেরামতের নিমিত্তে মেসার্স তাহের এন্টার প্রাইজ কর্তৃক প্রদত্ত ১,৯৮,৮৫০/- (একলক্ষ আটানব্বই হাজার আটশত পঞ্চাশ ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৫ বিবিধ (২) ঃ মিরপুর ডিওসইচএস এলাকায় একটি বহুতল বিশিষ্ট মসজিদ, কমার্শিয়াল কমপ্লেক্স এবং জিমনেশিয়াম নির্মাণের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের ব্যাপারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ইনডিজেনাস, এ্যাপার্টমেন্ট সি-১, ৫/১২, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন ১১,৭৭,৫০০/- (এগার লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার একটি বহুতল বিশিষ্ট মসজিদ, কমার্শিয়াল কমপ্লেক্স এবং জিমনেজিয়াম নির্মাণের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের জন্য দৈনিক ইত্তেফাক ও The Daily Star পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়। গত ১৪ জানুয়ারি, ২০০৯ তারিখে ০৩ টি কর্তৃক ফার্ম আর্থিক প্রস্তাব দাখিল করা হয়। তার মধ্যে ইনডিজেনাস, এ্যাপার্টমেন্ট # সি-১, ৫/১২, ব্লক#এফ, লালমাটিয়া, ঢাকা কর্তৃক ১১,৭৭,৫০০/- (এগার লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। আলোচনায় নির্মাণধীন ভবনসমূহে এয়ারকন্ডিশনার ও অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ অন্যান্য আধুনিক নিরাপত্তা ব্যবস্থা স্থাপনের প্রভিশনসহ ডিজাইন করা প্রয়োজন বলে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ইনডিজেনাস, এ্যাপার্টমেন্ট # সি-১, ৫/১২, ব্লক#এফ, লালমাটিয়া, ঢাকা কর্তৃক প্রদত্ত ১১,৭৭,৫০০/- (এগার লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। তবে নকশা/ডিজাইনে এয়ারকন্ডিশনার ও অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ অন্যান্য আধুনিক নিরাপত্তা ব্যবস্থা স্থাপনের প্রভিশন থাকতে হবে। এ বিষয়ে বোর্ডের সম্মানিত সদস্য সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের সহায়তা গ্রহণ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৭

২৫ বিবিধ (৩) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং বাড়ী প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লটের দক্ষিণ পার্শ্বে বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট দখলকৃত জমি হতে উক্ত দখলদারকে উচ্ছেদ করা হয়। তৎপ্রেক্ষিতে ৭৪ নং বাড়ীর মালিক মিসেস শামীমা এ খান বোর্ডের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে ৫০০২/২০০৩ নং রীট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ২৯ এপ্রিল, ২০০৯ তারিখে উক্ত মামলার রায়ে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জায়গা তিন মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করে দেয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে আদেশ প্রদান করেন। যেহেতু উক্ত রায় বোর্ডের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি জড়িত, সুতরাং বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সর্বোচ্চ আদালতের নির্দেশনা প্রয়োজন। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের এর জন্য মামলা পরিচালনাকারী সিনিয়র আইনজীবী খন্দকার মাহবুব উদ্দিন ১৬ মে, ২০০৯ তারিখের ৬০,০০০/- (ষাট হাজার) টাকার বিল দাখিল করেছেন। উক্ত বিলটি বোর্ডসভায় পর্যালোচনা করা হলো।

সিদ্ধান্ত ঃ উক্ত মামলার রায়ের বিরুদ্ধে আপীল করার সিদ্ধান্ত গৃহীত হলো। আপীলের নিমিত্তে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ নাজমুছ সাদাত সেলিম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

২৭.৫.০৯
( কর্ণেল এ বি এম জায়েদুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।